

## তিনটি কবিতা

### এক

তুমি আসবে না - এ কথা শহর জানে  
তোমার জন্য তবু রাহ্ দেখে কেউ  
তুমি তো শেখোনি ভালবাসবার মানে;  
আমিও শুনেছি বাতিঘরে বসে - ঢেউ।

### দুই

খবর রাখে না কেউ; সকলেই কানাগলি ঘোরে -  
কেউ খুব দুরে গিয়ে, কেউ চেনা পড়শীর দোরে।  
তোমার অজস্র কাছ - ব্যস্ততায় উন্মার্গগামী  
কানাগলি ঘুরে মরো, জানোনা কেমন আছি  
আমি।।

### তিন

জ্বালাতেই পারি ঘর-সংসার, সব-  
যদি তোর চোখ আগুন ছড়ায়...ছাই,  
নেভাতেই পারি দাবানল...পুড়ে থাক,  
সবুজ বসতি... বাঁচার ইচ্ছেটাই।  
জ্বালাবোনা আমি বজ্রমেঘের আলো,  
পোড়াবোনা তোর কোমল শানিত চোখ -  
তোকে ডেকে নেবো বৃষ্টির বেড়াজালে  
ভেজাবো শরীর - ঠান্ডায় কাঁপা ঠোঁট।।

সুপ্রিয় ফনী